
# Uclick –এ হিসাব খোলার নিয়ম

## প্রয়োজনীয় দলিলাদি:


১। গ্রাহকের বৈধ জাতীয় পরিচয়পত্র
২। গ্রাহকের সচল মোবাইল নম্বর
৩। গ্রাহকের সঠিক ই-মেইল আইডি
৪। গ্রাহকের ছবি – হাই রেজুলেশন ক্যামেরা বা ওয়েবক্যাম দিয়ে তোলা সেলফি
৫। নমিনির ছবি – স্ক্যান কপি/JPG
৬। নমিনির বৈধ ছবিযুক্ত পরিচয়পত্র (বৈধ জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট/ জন্মনিবন্ধন) - স্ক্যান কপি/JPG
৭। ই-টিন (যদি থাকে)

## হিসাব খোলার নিয়ম:


১। গুগল-প্লে/ আইওএস থেকে 'Uclick' অ্যাপটি ডাউনলোড করতে হবে।
২। হোম পেজ থেকে 'Accounts' নির্বাচন করতে হবে। পূর্বে কখনো অ্যাপটি ব্যবহার না করে থাকলে 'Have you applied with us before?' প্রশ্নের উত্তরে 'No' বাছাই করতে হবে।




৩। পরবর্তি ধাপে বৈধ জাতীয় পরিচয়পত্র নম্বর, জন্ম তারিখ, মোবাইল নম্বর ও ই-মেইল আইডি দিতে হবে।





৪। গ্রাহকের মোবাইল নম্বর ও ই-মেইল আইডিতে পাঠানো ওটিপি দিয়ে সঠিকতা যাচাই করতে হবে।



৫। এরপর ৪ সংখ্যার একটি পিন তৈরি করতে হবে এবং পিনটি পরবর্তিতে লগইন –এর জন্য সংরক্ষণ করতে হবে।





৬। ডকুমেন্ট আপলোড করণ:


ক) গ্রাহকের বৈধ জাতীয় পরিচয়পত্রের ছবি তুলতে হবে – প্রথমে ছবি যুক্ত পৃষ্ঠার ছবি ও পরে অপর পৃষ্ঠার ছবি

খ) ক্যামেরা বা ওয়েবক্যাম দিয়ে পর্যাপ্ত আলো আছে এমন স্থানে সঠিক ভাবে গ্রাহককে সেলফি তুলত হবে


গ) গ্রাহকের স্বক্ষর – একটি সাদা কাগজে স্বাক্ষর করে ছবি তুলতে হবে




৭। পরবর্তি ধাপে গ্রাহক তার ব্যক্তিগত তথ্যাবলি অর্থাৎ লিঙ্গ, বৈবাহিক অবস্থা, ই-টিন (যদি থাকে), পেশা, জন্মস্থান, হিসাব খোলার কারণ, সম্ভাব্য মাসিক আয় প্রদান করবে।





৮। পরবর্তি ধাপে গ্রাহক তার যোগাযোগের ঠিকানা প্রদান করবে।




৯। এরপর বিশেষ সুবিধা যেমন; পছন্দের শাখা বাছাই করবে।




ইউসিবি ব্যাংকে গ্রাহক যদি পূর্বে কোন হিসাব খুলে থাকে সেই হিসাব নম্বরটি লিখবে/ নির্বাচন করবে।




১০। নমিনির তথ্যাবলি: নমিনির নাম, জন্ম তারিখ, গ্রাহকের সাথে সম্পর্ক, নমিনিরে জন্য নির্ধারিত অংশ (শতকরা), পরিচয়পত্রের ধরন, পরিচয়পত্রের নম্বর, ঠিকানা প্রদান করে ‘ADD’ এবং ‘continue’ করতে হবে।




১১। নমিনির ডকুমেন্ট আপলোড:

ক) নমিনির বৈধ ছবিযুক্ত পরিচয়পত্রের(বৈধ জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট/ জন্মনিবন্ধন) ছবি তুলতে হবে/ আপলোড করতে হবে – জাতীয় পরিচয়পত্রের ক্ষেত্রে প্রথমে ছবি যুক্ত পৃষ্ঠার ছবি ও পরে অপর পৃষ্ঠার ছবি তুলতে হবে


খ) নমিনির ছবি – স্ক্যান কপি/JPG





১২। এরপর গ্রাহক ফাটকা (FATCA) ডিক্লারেশন প্রদান করবে।




১৩। 'Terms & Conditions' পড়বে এবং সম্মত হলে 'Agree' করবে।




১৪। এ পর্যায়ে গ্রাহক সকল তথ্য যাচাই করার ও সংশোধন করার সুযোগ পাবে। সকল তথ্যের সঠিকতা নিশ্চিত করে সাবমিট করলে একাউন্ট খোলার কাজ সমাপ্ত হবে।








**Account Activation:** একাউন্ট সচল করতে প্রথমে গ্রাহককে নূন্যতম এক হাজার (১,০০০) টাকা (Initial deposit) জমা প্রদান করতে হবে।


ক) একাউন্ট নম্বর ও জন্ম তারিখ দিয়ে `Continue' করতে হবে। গ্রাহক চাইলে কার্ডের মাধ্যমে Initial deposit করতে পারবে। সেক্ষেত্রে যে কার্ড থেকে ডিপোজিট করবে সেই কার্ডের তথ্য প্রদান করবে। অন্য ব্যাংক থেকে ফান্ড ট্রান্সফার করেও Initial deposit করতে পারবে।

এছাড়া গ্রাহক UCB CRM ব্যবহার করে যে কোন সময় ডিপোজিট করতে পারবে।





খ) এরপর Uclick অ্যাপটিতে ‘Service’ অপশন নির্বাচন করতে হবে।





গ) ‘Have you applied with us before?’ প্রশ্নের উত্তরে ‘Yes’ বাছাই করতে হবে। এরপর মোবাইল নম্বর ও পিন নম্বর দিয়ে `Continue’ করতে হবে।



গ) পরবর্তী ধাপে `Activate Account’ নির্বাচন করে `Continue’ করতে হবে।




**এরই মাধ্যমে গ্রাহকের একাউন্ট খোলার কাজ সম্পন্ন হলো।**




**গ্রাহক তার ডেবিট কার্ডটি তার যোগাযোগের ঠিকানায় পেয়ে যাবেন।**